

বাকুবিতে প্রশাসন ভবনে ছাত্রলীগের তালা, সড়ক অবরোধ

■ বাকুবি প্রতিনিধি,
বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় (বাকুবি)
ছাত্রলীগের সভাপতির
মোটরসাইকেল ছিনতাইয়ে
জড়িতদের গ্রেফতার ও বিচারের
দাবিতে প্রশাসন ভবনে দু'দফা তালা
ঝুলিয়ে বিক্ষোভ সমাবেশ করেছেন
সংগঠনের নেতাকর্মীরা। ছাত্রলীগের
এই অবরোধের মধ্যে গতকাল
সোমবার বিশ্ববিদ্যালয়ের সিকিট
সভা অনুষ্ঠিত হয়েছে। এদিকে একই
দাবিতে ময়মনসিংহ-গফরগাঁও
সংযোগ সড়ক অবরোধ করে
অটোরিকশা ও মাইক্রোবাস ভাঙুর
করেছেন নেতাকর্মীরা।

বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের
সভাপতি মুর্শেদুজ্জামান খান বাবুর
মোটরসাইকেল ছিনতাই হয়ে গত
সপ্তাহে। এ ঘটনায় ময়মনসিংহ জেলা
ছাত্রলীগ সভাপতি জসীম উদ্দিনকে
অভিযুক্ত করে জড়িতদের বিচারের
দাবিতে সোমবার সকাল ১০টা থেকে
ময়মনসিংহ-গফরগাঁও সংযোগ সড়ক
অবরোধ করা হয়।